



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



নং- ৩৭.০২.০০০০.১০৮.৯৯.০২৫.২০১৫-৭২৮

তারিখ: ২৭/০৯/২০২০ খ্রি.

বিষয়ঃ Covid- 19 প্রাদুর্ভাবের কারণে বক্ষ সরকারি ও বেসরকারি কলেজসমূহে নিরাপত্তা নিশ্চিতকরণসহ সরকারি নির্দেশনা বাস্তবায়ন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, বিশ্বব্যাপী নোভেল করোনাভাইরাসের প্রাদুর্ভাবের কারণে শিক্ষা মন্ত্রণালয়ের সিকান্ট অনুযায়ী বিগত ১৮ মার্চ, ২০২০ থেকে অন্যাবধি দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষা কার্যক্রম বক্ষ রয়েছে। প্রতিষ্ঠান দীর্ঘদিন বক্ষ থাকার ফলে কলেজ ক্যাম্পাসগুলোতে নিরাপত্তা বজায় রাখাসহ কলেজের সকল সরকারি সম্পদ ও সরঞ্জামের সুরক্ষা নিশ্চিত করার ব্যাপারে প্রতিষ্ঠান প্রধানগণকে সচেষ্ট থাকতে হবে। দীর্ঘদিন কার্যক্রম বক্ষ থাকা কলেজ ক্যাম্পাসে নিরাপত্তা এবং সম্পদ সুরক্ষা সহ সরকারি নির্দেশনা বাস্তবায়নে নিম্নবর্ণিত পদক্ষেপসমূহ জরুরীভূতিতে নেয়ার জন্য প্রতিষ্ঠান প্রধানগণকে বিশেষভাবে অনুরোধ জানানো হলো-

১. অনলাইন ক্লাস কার্যক্রম চালু রাখতে হবে এবং আঞ্চলিক পরিচালককে ক্লাস গ্রহনের তথ্য প্রদান করতে হবে।
২. প্রতিষ্ঠানে ভজিল্যাস্ট টিম গঠন করতে হবে এবং প্রতিষ্ঠান প্রধানের কাছে নিয়মিত পরিদর্শন প্রতিবেদন দাখিল করতে হবে।
৩. শিক্ষার্থীদের অনলাইনে ক্লাসে অংশগ্রহণ মনিটরিং এবং অভিভাবকের সঙ্গে সংযোগ সাধন করতে হবে।
৪. শিক্ষার্থীদের স্বাস্থ্যবিধি মেনে চলার নির্দেশনা প্রদান করতে হবে।
৫. কলেজ ক্যাম্পাসে বিনা প্রয়োজনে জনসাধারণের প্রবেশ নিষিদ্ধ করতে হবে।
৬. কলেজের বিজ্ঞানাগার ল্যাব, আইসিটি ল্যাব, লাইব্রেরিসহ সার্বিক সরকারি সম্পত্তি ও নথি রক্ষার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
৭. ছাত্রাবাসসমূহ বক্ষ রাখতে হবে এবং ছাত্রাবাসের নিরাপত্তা নিশ্চিত করতে হবে।
৮. প্রতিষ্ঠানের মূল ফটকসহ সকল প্রবেশপথে সার্বক্ষণিক প্রহরী নিয়োজিত রাখতে হবে এবং
৯. স্থানীয় প্রশাসনের সহযোগিতায় ক্যাম্পাসে পুলিশ টহল জোরদার করতে হবে।

এমতাবস্থায়, সরকারি ও বেসরকারি সকল কলেজের প্রতিষ্ঠান প্রধানকে বর্তমানে কোডিড-১৯ প্রাদুর্ভাবের কারণে বক্ষ সরকারি ও বেসরকারি কলেজে সরকারি নির্দেশনা বাস্তবায়ন করতে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

প্রফেসর ড. শাহ মোঃ আমির আলী

উপ-পরিচালক (কলেজ-১)

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

বাংলাদেশ, ঢাকা

ফোনঃ ৯৫৫৮৫০৫

প্রাপকঃ

অধ্যক্ষ (সকল)

সরকারি/ বেসরকারি কলেজ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্যঃ

১. পরিচালক (কলেজ ও প্রশঃ/মাধ্যমিক/ পরিকল্পনা ও উন্নয়ন/ প্রশিক্ষণ/ মনিটরিং এন্ড ইভালুয়েশন/ ফিন্যান্স এন্ড প্রকিউরমেন্ট) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
২. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, (সকল অঞ্চল)
৩. উপ-পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
৪. সহকারী পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
৫. পিএ টু মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
৬. সংরক্ষণ নথি